# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৮ বর্ষ ৯ম সংখ্যা    ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta)    ১৫ অগ্রহায়ণ ১৪৩১, ৩০ নভেম্বর ২০২৪

## আবাসিক হলসমূহে ওয়াইফাই ইন্টারনেট সংযোগ প্রদান শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে এবং বিটিসিএল-এর কারিগরি সহায়তায় বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে শিক্ষার্থীদের কক্ষে মানসম্মত ওয়াইফাই ইন্টারনেট সংযোগ প্রদানের প্রক্রিয়া শুরু হয়েছে। ইতোমধ্যে অমর একুশে হল, কবি জসীম উদ্‌দীন হল এবং স্যার এ এফ রহমান হলের শিক্ষার্থীদের কক্ষে এই ইন্টারনেট সংযোগ প্রদানের কাজ সম্পন্ন হয়েছে। আবাসিক শিক্ষার্থীরা যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে এই সেবা গ্রহণ করতে পারবেন। পর্যায়ক্রমে সকল আবাসিক হলকে এই ওয়াইফাই ইন্টারনেট সেবার আওতায় আনা হবে। এ সংক্রান্ত কাজের অগ্রগতি পর্যবেক্ষণের জন্য কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী গত ২০ নভেম্বর ২০২৪ কবি জসীম উদ্‌দীন হল পরিদর্শন করেন এবং ইন্টারনেট সংযোগ বিষয়ে শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন। এসময় শিক্ষার্থীরা সংযোগ সংক্রান্ত কিছু অভিযোগ করলে কোষাধ্যক্ষ তাৎক্ষণিকভাবে বিটিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালকের সঙ্গে কথা বলেন। বিটিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক ইন্টারনেট সংযোগ সংক্রান্ত সকল সমস্যা দ্রুত সমাধান করা হবে বলে আশ্বাস দেন। (২য় পৃষ্ঠায় দেখুন)

## ঢাবি ক্যাম্পাসে প্রথমবারের মতো শাটল বাস সার্ভিস চালু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রথমবারের মতো ক্যাম্পাসে শাটল বাস সার্ভিস চালু হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ২৮ নভেম্বর ২০২৪ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই শাটল বাস সার্ভিস উদ্বোধন করেন। এসময় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। পরীক্ষামূলকভাবে আগামী ৩ মাসের জন্য এই সার্ভিস চালুর সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী গত ২১ নভেম্বর শাটল বাস সার্ভিসের জন্য নির্ধারিত বাসসমূহ পরিদর্শন করেন। (২য় পৃষ্ঠায় দেখুন)

## ঢাবি'র ৩টি গবেষণা প্রকল্পের ফলাফল উপস্থাপন

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রোমোজোম রিসার্চ সেন্টারের তত্ত্বাবধানে পরিচালিত ৩টি গবেষণাকর্মের ফলাফল গত ১২ নভেম্বর ২০২৪ উপস্থাপন করা হয়েছে। উদ্ভিদবিজ্ঞান বিভাগের মিলনায়তনে আয়োজিত এক সেমিনার এই ফলাফল উপস্থাপন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ক্রোমোজোম রিসার্চ সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ নূরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতার হোসেন খান এবং প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. এনামুল হক বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অণুজীব বিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. শাকিলা (২য় পৃষ্ঠায় দেখুন)

## ছাত্র-জনতার আন্দোলনে আহত শিক্ষার্থীদের সুচিকিৎসা তত্ত্বাবধানে কমিটি গঠন

ছাত্র-জনতার আন্দোলনে আহত ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সুচিকিৎসার বিষয়টি তত্ত্বাবধানের জন্য বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরীকে আহ্বায়ক করে ৬-সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নির্দেশনা অনুযায়ী এই কমিটি গঠন করা হয়। চিকিৎসা অনুষদের ডিন বা ডিনের প্রতিনিধি কমিটির ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন। কমিটির অন্য সদস্যরা হলেন: শহিদ বুদ্ধিজীবী ডাঃ মোহাম্মদ (৩য় পৃষ্ঠায় দেখুন)

## বোস-আইনস্টাইন তত্ত্বের শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে আন্তর্জাতিক সম্মেলন উদ্বোধন করলেন প্রধান উপদেষ্টা



ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগ এবং বোস সেন্টার ফর এ্যাডভান্সড স্টাডি এন্ড রিসার্চ ইন ন্যাচারাল সাইন্সেস-এর উদ্যোগে "Centennial Celebration of Bose-Einstein Statistics: A Legacy of Dhaka" শীর্ষক ৪-দিনব্যাপী এক আন্তর্জাতিক বৈজ্ঞানিক সম্মেলন গত ৭ নভেম্বর ২০২৪ ঢাকায় উদ্বোধন করা হয়েছে। প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সম্মেলন উদ্বোধন করেন।

শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ এবং ঢাকা (২য় পৃষ্ঠায় দেখুন)

## ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ক বিশেষ কমিটির কার্যক্রম শুরু



ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে খ্যাতিমান ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত বিশেষ কমিটির কার্যক্রম শুরু হয়েছে। কমিটির প্রথম সভা গত ২৩ নভেম্বর ২০২৪ শনিবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন সভাকক্ষে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা সভায় উপস্থিত ছিলেন।

কমিটির আহ্বায়ক সুপ্রীম কোর্টের আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মো. আব্দুল মতিন-এর সভাপতিত্বে সভায় কমিটির সদস্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন-এর সাবেক চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. জেড.এন. তাহমিদা বেগম, বাংলা একাডেমির চেয়ারম্যান ও বাংলা বিভাগের (২য় পৃষ্ঠায় দেখুন)

## উপাচার্যের যুক্তরাষ্ট্র ও চীন সফর




**যুক্তরাষ্ট্র সফর:** উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত ২ নভেম্বর ২০২৪ তারিখে ৫-দিনের এক সফরে যুক্তরাষ্ট্র গমন করেন। যুক্তরাষ্ট্র ভিত্তিক আন্তর্জাতিক সংস্থা 'দি ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেক্টোরাল সিস্টেমস্'-এর আমন্ত্রণে তিনি এই সফর করেন।

সফরকালে উপাচার্য যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে 'দি ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেক্টোরাল সিস্টেমস্'-এর 'ইউএস ইলেকশন প্রোগ্রাম'-এ অংশগ্রহণ করেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান যুক্তরাষ্ট্র সফর শেষে গত ৭ নভেম্বর ২০২৪ দেশে ফিরেছেন।

উপাচার্য সফরকালে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন সরাসরি পর্যবেক্ষণ ও প্রত্যক্ষ করেন। এসময় তিনি যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন, ডি.সি., ম্যারিল্যান্ড এবং ভার্জিনিয়া অঙ্গরাজ্যের বিভিন্ন নির্বাচন কেন্দ্র পরিদর্শন করেন।

সফরকালে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ইউএস স্টেট ডিপার্টমেন্ট, ইউএসএইড এবং আইএফইএস-এর উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে পৃথক পৃথকভাবে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় তিনি জুলাই-আগস্টে ছাত্র-জনতার আন্দোলনে নিহতদের স্মরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্মৃতিস্তম্ভ ও কর্নার নির্মাণ, অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব স্থাপন, যুক্তরাষ্ট্রের বিভিন্ন প্রতিষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ফেলোশিপ প্রদান ও ইন্টার্নশিপ করার সুযোগ সৃষ্টিসহ বিভিন্ন বিষয়ে ফলপ্রসূ আলোচনা করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগে চলমান 'ডেমোক্রেসি ফর্ম থিওরি টু প্র্যাকটিস' শীর্ষক কোর্সের সম্প্রসারণের বিষয়ে আলোচনা করা হয়। ইউএস স্টেট ডিপার্টমেন্ট, ইউএসএইড এবং আইএফইএস-এর কর্মকর্তাগণ এসব ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়কে সম্ভাব্য সকল সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। উল্লেখ্য, আইএফইএস-এর (৩য় পৃষ্ঠায় দেখুন)

## কিউএস এশিয়া র‍্যাঙ্কিং-এ দেশ সেরা ঢাবি

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) এশিয়া ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং-এ বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে শীর্ষ স্থান অধিকার করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। এশিয়ার বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ১১২ তম। গতবছর এই অবস্থান ছিল ১৪০ তম। সে হিসেবে এবারের র‍্যাঙ্কিং-এ ঢাকা বিশ্ববিদ্যালয় ২৮ ধাপ এগিয়েছে।

গত ৬ নভেম্বর এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করেছে কিউএস। প্রতি বছরের নভেম্বর মাসের শুরুতে তালিকাটি প্রকাশ করা হয়। এশিয়ার সেরা ৯৮৪টি বিশ্ববিদ্যালয়ের তালিকায় শীর্ষস্থানে রয়েছে চীনের পিকিং ইউনিভার্সিটি (বেইজিং)। দ্য ইউনিভার্সিটি অব হংকং তালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছে। র‍্যাঙ্কিংটি প্রধানত ১১টি সূচকের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। এরমধ্যে একাডেমিক কার্যক্রম, পিএইচডিধারীর সংখ্যা ও আন্তর্জাতিক শিক্ষার্থীদের সংখ্যা বিবেচনা করা হয়েছে।

কিউএস প্রতিবছর কয়েকটি মানদণ্ডের ভিত্তিতে পৃথিবীর বিশ্ববিদ্যালয়গুলোর বার্ষিক একটি র‍্যাঙ্কিং প্রকাশ করে। বিশ্ববিদ্যালয়গুলোর গবেষণা, উদ্ভাবন, চাকরিতে স্নাতকদের কর্মক্ষমতা, প্রাতিষ্ঠানিক সাফল্য, শিক্ষক ও শিক্ষার্থীদের সাফল্য, আন্তর্জাতিক গবেষণা নেটওয়ার্ক, গবেষণা প্রবন্ধের সাইটেশন, পিএইচডি ডিগ্রিধারী শিক্ষক-কর্মকর্তাদের সংখ্যা, আন্তর্জাতিক শিক্ষক ও শিক্ষার্থীদের অনুপাত, আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষার্থী বিনিময়ের হার বিবেচনা করে এ তালিকা তৈরি করা হয়। উল্লেখ্য, এবছর কিউএস সাসটেইনেবিলিটি বিশ্ব র‍্যাঙ্কিং-এ ঢাকা বিশ্ববিদ্যালয় ৬৩৪ তম স্থান অর্জন করেছে। সম্প্রতি এই র‍্যাঙ্কিং প্রকাশ করা হয়েছে।

## ছাত্র আন্দোলনের সমন্বয়কারী ও শিক্ষার্থীদের সঙ্গে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনারের মতবিনিময়

জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার মি. ফলকার তুর্ক গত ২৯ অক্টোবর ২০২৪ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জুলাই গণ-অভ্যুত্থানের সময় তরুণদের আঁকা দেয়াল লিখন ও গ্রাফিতি পরিদর্শন করেন। পরে তিনি নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ২৪-এর গণঅভ্যুত্থান পূর্ববর্তী ছাত্র আন্দোলনের সমন্বয়কারী ও শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় সভায় মিলিত হন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভায় স্বাগত বক্তব্য দেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদসহ ঢাকাস্থ জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী কার্যালয়ের কর্মকর্তাগণ সংস্কারের সুযোগ সৃষ্টি হয়েছে। মানবাধিকারের ওপর ভিত্তি করে গণতান্ত্রিক প্রক্রিয়া কার্যকর করতে হবে উল্লেখ করে তিনি বলেন, 'মানবাধিকার প্রতিষ্ঠায় সাংবাদিক, শ্রমজীবী, সমাজকমী এবং অন্যান্য মানবাধিকার রক্ষকদের নির্বিঘ্নে এবং স্বাধীনভাবে কাজ করার জন্য একটি উন্মুক্ত পরিবেশ প্রয়োজন। বাংলাদেশের তরুণদের সংগ্রামের সাহসিকতা এবং আত্মত্যাগ আমাদের অনুপ্রাণিত করেছে। এই তরুণদের যাত্রাপথের সঙ্গী হতে এবং সমর্থন করতে আমরা প্রস্তুত। তথ্য অনুসন্ধান বা ফ্যাক্ট-ফাইন্ডিং মিশনের মাধ্যমে তরুণদের সঙ্গে ইতোমধ্যে আমাদের যাত্রা শুরু হয়েছে। মানবাধিকারের






উপস্থিত ছিলেন।

জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার মি. ফলকার তুর্ক বাংলাদেশে সাম্প্রতিক ও অতীতের মানবাধিকার লঙ্ঘনের ঘটনাসমূহের ন্যায়বিচার নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, বাংলাদেশের সামনে মানবাধিকার লঙ্ঘনের বিষয়টি দীর্ঘস্থায়ীভাবে মোকাবিলা করা এবং রাষ্ট্রীয় প্রধান প্রতিষ্ঠানগুলো দৃষ্টিকোণ থেকে প্রতিষ্ঠান নির্মাণ, নাগরিক অধিকার পুনঃপ্রতিষ্ঠা, জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং উত্তরণের প্রক্রিয়াগুলোতে আমরা অন্তবর্তীকালীন সরকারকে সহায়তা করতে চাই।'

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত জুলাই-আগস্টের নৃশংস ঘটনার সঙ্গে জড়িতদের চিহ্নিত করতে বিশ্ববিদ্যালয়ে (২য় পৃষ্ঠায় দেখুন)

## ঢাবি জগন্নাথ হলে নবনির্মিত দু'টি ভবন উদ্বোধন





ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ হলের শিক্ষার্থীদের জন্য নবনির্মিত রবীন্দ্র ভবন এবং আবাসিক শিক্ষকদের জন্য নবনির্মিত অধ্যাপক অনুদ্বৈপায়ন ভট্টাচার্য আবাসিক শিক্ষক ভবন গত ১০ নভেম্বর ২০২৪ উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে ভবনদু'টির আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

হল প্রাধ্যক্ষ দেবাশীষ পালের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং নির্মাণ প্রকল্পের সঙ্গে সংশ্লিষ্ট হলের আবাসিক শিক্ষক ড. নেপাল চন্দ্র রায় বক্তব্য রাখেন। এ সময় বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন এবং জগন্নাথ হলের আবাসিক (২য় পৃষ্ঠায় দেখুন)

# কোষাধ্যক্ষে'র সঙ্গে জাইকা ও তুরস্ক প্রতিনিধিদলের সাক্ষাৎ

## জাইকা প্রতিনিধিদল



ঢাকাস্থ জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি'র (জাইকা) সিনিয়র রিপ্রেজেন্টেটিভ কোমোরি তাকাশি-এর নেতৃত্বে ৩-সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৩১ অক্টোবর ২০২৪ কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী'র সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন জাইকার রিপ্রেজেন্টেটিভ ইহা চিনাতসু এবং সিনিয়র প্রোগ্রাম অফিসার আলীমূল হাসান।

এসময় প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক ড. আব্দুল্লাহ-আল-মামুন উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা জাইকার আর্থিক সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি ছাত্রী হল নির্মাণ, ছাত্রীদের দক্ষতা উন্নয়ন ও বিশ্ববিদ্যালয়ের সক্ষমতা বৃদ্ধিসহ বিভিন্ন বিষয়ে উন্নয়ন প্রকল্প গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন।

## তুরস্ক প্রতিনিধি



তুরস্কের ইসলামিক রিসার্চ সেন্টারের পরিচালক মোহাম্মদ সলিমুগলু গত ৩১ অক্টোবর ২০২৪ কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরীর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে তারা তুরস্কের আর্থিক সহায়তায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ পুনর্নির্মাণ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং তুরস্কের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালু এবং এ ব্যাপারে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে আলোচনা করেন।

# বোস-আইনস্টাইন তত্ত্বের শতবর্ষ

(১ম পৃষ্ঠার পর) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান উদ্বোধনী অধিবেশনে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ভারতের এসএনবিএনসিবিএস-এর অধ্যাপক পার্থ ঘোষ অনুষ্ঠানে বক্তব্য দেন । সম্মেলন আয়োজক কমিটির সম্পাদক অধ্যাপক ড. কামরুল হাসান স্বাগত বক্তব্য দেন এবং আয়োজক কমিটির আহ্বায়ক অধ্যাপক সুপ্রিয়া সাহা ধন্যবাদ জ্ঞাপন করেন। পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. খন্দকার সাদাত হোসেন অনুষ্ঠান সঞ্চালন করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরীসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, বিশিষ্ট ব্যক্তিবর্গ ও বিদেশি অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস জ্ঞান-বিজ্ঞানের উৎকর্ষ সাধনে কার্যকর ভূমিকা পালনের জন্য শিক্ষক ও শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। বিজ্ঞানের বিভিন্ন শাখায় অবদান রাখার জন্য তিনি সক্ষমতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করে বলেন, এ লক্ষ্যে উচ্চপ্রত্যাশা নিয়ে গবেষণা করতে হবে। অধ্যাপক সত্যেন বোস ১৯২৪ সালে এধরনের প্রত্যাশা নিয়েই গবেষণা করেছিলেন। আমাদেরও আজ একই কাজ করতে হবে। তিনি বলেন, অন্তর্বর্তীকালীন সরকার বিজ্ঞান চর্চার উপযুক্ত পরিবেশ তৈরিতে প্রয়োজনীয় সংস্কার আনতে প্রস্তুত। এক্ষেত্রে তিনি সকলের পরামর্শ চান।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বাংলাদেশকে একটি উন্নত দেশে পরিণত করতে অত্যাধুনিক বৈজ্ঞানিক গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষাবিদ, পেশাজীবী ও বিজ্ঞানীদের প্রতি আহ্বান জানান। উপাচার্য বলেন, অধ্যাপক সত্যেন বোস অসামান্য গবেষণা কর্মের মাধ্যমে আমাদের গর্বিত করেছেন। বিজ্ঞান গবেষণায় আরও সফলতা অর্জনের লক্ষ্যে বিদেশি বিজ্ঞানীদের সঙ্গে উদ্ভাবনী জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের জন্য তিনি দেশের শিক্ষাবিদ ও গবেষকদের প্রতি আহ্বান জানান। এই আন্তর্জাতিক সম্মেলন এক্ষেত্রে একটি অভিন্ন প্লাটফর্ম তৈরি করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, সম্মেলনে যুক্তরাষ্ট্র, জার্মানি, ব্রাজিল, জাপান, হংকং, ভারত, পাকিস্তান ও নেপালের ৩০ জন বিজ্ঞানী অংশগ্রহণ করেন।

# শতবর্ষ বৃত্তি পেলেন ঢাবি'র ৪১ শিক্ষার্থী

(৪র্থ পৃষ্ঠার পর) সঞ্চালন করেন। এসময় অনুষদের সাবেক ডিনবৃন্দ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

বৃত্তি প্রাপ্তরা হলেন– বাংলা বিভাগের মহিবুল্লাহ খান রাব্বি, শারমিন শান্তি ও কবিতা আক্তার মিম, ইংরেজী বিভাগের ফারিয়া আক্তার ফিমা, মোছা. সুমনা খাতুন ও নাইমুর রহমান, আরবি বিভাগের আরিফুর রহমান, মো. ইমরান হোসেন ও মুন্তাসির আহমাদ মুয়াজ, ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের বৃষ্টি আক্তার ও মনিরুল শেখ, উর্দু বিভাগের মনিষা খাতুন ও মো. হাবিবুল্লাহ মুসকান, সংস্কৃত বিভাগের আসমাউল হোসনা আশা ও মো. মাহমুদুল হাসান, পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের বৃষ্টি বড়ুয়া ও কনিকা রানী রায়, ইতিহাস বিভাগের মো. হাসিবুর রহমান শুভ, মো. আব্দুস সালাম ও সামিয়া তাসনিম সুভী, দর্শন বিভাগের অন্তরা দে, ফয়সাল আহাম্মদ ভূইয়া ও মো. ইমাম হোসেন, ইসলামিক স্টাডিজ বিভাগের মিস সিনথিয়া পারভীন, পিংকি বেগম ও হৃদয় বেপারী, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শাহাজাদী রত্না, আব্বাস আলী সাবিদ ও সুলতান আহমেদ, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের মো. নাজিম উদ্দীন ও স্বপ্না আক্তার, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের তাহিয়া তাসনিম ও জয়া কস্তা, ভাষা বিজ্ঞান বিভাগের নুসরাত জাহান ও সৌরভ বসু, সংগীত বিভাগের অর্পিতা পাত্র মালতী ও নুরেজান্নাত আফরিস, বিশ্বধর্ম ও সংস্কৃতি বিভাগের অত্রি ভট্টাচার্য্য হিয়া ও ফারহানা আক্তার এবং নৃত্যকলা বিভাগের আমিনা আখতার ও সাবরিনা মেহজাবিন পারিশা।

# জগন্নাথ হলে নবনির্মিত

(১ম পৃষ্ঠার পর) শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এই নির্মাণ প্রকল্প বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, দীর্ঘদিন যাবৎ ঢাকা বিশ্ববিদ্যালয়ে আবাসন সংকট রয়েছে। শিক্ষার্থীদের আবাসন সংকট নিরসনে বিশ্ববিদ্যালয় প্রশাসন অত্যন্ত আন্তরিকতার সঙ্গে কাজ করে যাচ্ছে। এই ভবন নির্মাণের ফলে বিশ্ববিদ্যালয়ের বেশকিছু শিক্ষার্থীর আবাসন সংকট নিরসন হলো। নবনির্মিত ভবনদু'টির রক্ষণাবেক্ষণের উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, এ লক্ষ্যে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা রাখতে হবে। উল্লেখ্য, আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত দশ তলা বিশিষ্ট রবীন্দ্র ভবনের ২৫০ টি কক্ষে এক হাজার শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা রয়েছে।

# ঢাবি ক্যাম্পাসে রাজনীতি চর্চার

(১ম পৃষ্ঠার পর) অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আবুল কাসেম ফজলুল হক এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. এস এম শামীম রেজা অংশগ্রহণ করেন।

ডাকসু নির্বাচন, আবাসিক হলে ছাত্র রাজনীতি, শিক্ষক-শিক্ষার্থী আন্তঃসম্পর্ক উন্নয়নসহ বিভিন্ন বিষয়ে প্রধান অংশীজনদের সঙ্গে আলোচনা, মতবিনিময় ও পরামর্শ গ্রহণের লক্ষ্যে একটি পরামর্শ বাক্স স্থাপন ও বিশেষ একটি ইমেইল খোলার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী এই বিশেষ কমিটি বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থী, অ্যালামনাই, দেশের বিশিষ্ট নাগরিক, সাংবাদিক, ডাকসু'র সাবেক নেতৃবৃন্দ, অভিভাবকসহ সকল অংশীজনের সঙ্গে আলোচনা ও মতবিনিময়ের মাধ্যমে ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদান করবে।

# আবাসিক হলসমূহে ওয়াইফাই

(১ম পৃষ্ঠার পর) উল্লেখ্য, শিক্ষার্থীদের উচ্চগতির ইন্টারনেট সেবা প্রদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের ৩টি ফ্লোরে ৩৮টি ওয়াইফাই এক্সেস পয়েন্ট স্থাপনের কার্যক্রম শুরু হয়েছে। আগামী ১ জানুয়ারি ২০২৫ থেকে কেন্দ্রীয় গ্রন্থাগার ব্যবহারকারী শিক্ষার্থীদের জন্য এই সেবা উন্মুক্ত করা হবে বলে আশা করা যাচ্ছে।

# ছাত্র আন্দোলনের সমন্বয়কারী ও শিক্ষার্থীদের সঙ্গে জাতিসংঘের

(১ম পৃষ্ঠার পর) ইতোমধ্যেই একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। অপরাধীদের বিচারের আওতায় আনতে এই তদন্ত কমিটি জাতিসংঘের তথ্যানুসন্ধান দলকে সম্ভাব্য সকল সহযোগিতা প্রদান করবে। ঢাকা বিশ্ববিদ্যালয়কে ছাত্র আন্দোলনের 'এপি সেন্টার' হিসেবে উল্লেখ করে উপাচার্য বলেন, এই আন্দোলনের সমন্বয়কারী ও শিক্ষার্থীদের সঙ্গে নিয়েই আমরা নতুন বাংলাদেশ গড়ার কাজে এগিয়ে যেতে চাই। তিনি বলেন, মানবাধিকার ও মানবিক মূল্যবোধ সমুন্নত রাখতে আমরা অঙ্গীকারবদ্ধ। জুলাই-আগস্টের ছাত্র-জনতার অভ্যুত্থানের সম্মান ও মর্যাদা রক্ষায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'জুলাই বিপ্লব কর্ণার' স্থাপন করা হবে। এই গণঅভ্যুত্থানকে উপজীব্য করে একাডেমিক সম্মেলন ও কর্মশালা আয়োজন করা হবে।

পরে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

# সঠিক প্রক্রিয়ায় প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় অত্যাধুনিক গবেষণা দরকার–উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সঠিক প্রক্রিয়ায় প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার লক্ষ্যে অত্যাধুনিক গবেষণা কার্যক্রম পরিচালনার উপর গুরুত্বারোপ করে বলেছেন, এজন্য গবেষক, শিক্ষক, নীতিনির্ধারকসহ সংশ্লিষ্ট সকলকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। গত ৩১ অক্টোবর ২০২৪ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে "ডিজাস্টার হ্যাকাথন ২.০"-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগ, আবহাওয়াবিজ্ঞান বিভাগ, আন্তর্জাতিক সংস্থা স্টার্ট নেটওয়ার্ক-এর অংশ ফোরওয়ার্ণ বাংলাদেশ এবং ওপেন ম্যাপিং হাব-এশিয়া প্যাসিফিক যৌথভাবে এই হ্যাকাথন প্রতিযোগিতা আয়োজন করে।

স্টার্ট ফান্ড বাংলাদেশের কান্ট্রি ম্যানেজার সাজিদ রায়হানের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী মতিন উদ্দিন আহমেদ, আবহাওয়াবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন ড. ফাতিমা আক্তার, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব রিমোট সেন্সিং এন্ড জিআইএস-এর পরিচালক অধ্যাপক ড. মো. নুরুল ইসলাম, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ মো. বজলুর রশিদ, স্টার্ট নেটওয়ার্ক-এর সিইও ক্রিস্টিনা বেনেট এবং ওপেন ম্যাপিং হাব-এশিয়া প্যাসিফিক-এর আঞ্চলিক পরিচালক নামা বুধাঠকি বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান দুর্যোগ ব্যবস্থাপনা, বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার, গবেষণা তহবিল গঠন এবং নতুন নতুন উদ্ভাবনের উপর গুরুত্বারোপ করে বলেন, প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশের বেশকিছু অর্জন রয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনায় বিভিন্ন কৌশল উদ্ভাবনের লক্ষ্যে তরুণ প্রজন্মকে কার্যকর ভূমিকা পালন করতে হবে। তরুণ প্রজন্মের মেধা বিকাশে নিয়মিতভাবে "ডিজাস্টার হ্যাকাথন" আয়োজনের উপর তিনি গুরুত্বারোপ করেন।

# ৩টি গবেষণা প্রকল্পের ফলাফল উপস্থাপন

(১ম পৃষ্ঠার পর) নার্গিস খান, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ড. কিশোয়ার জাহান সিঁথি এবং জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি বিভাগের সহকারী অধ্যাপক আবিরা খান নিজ নিজ গবেষণাকর্মের ফলাফল উপস্থাপন করেন। সেমিনারে প্রশ্নোত্তর পর্বে বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশ নেন। উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মিহির লাল সাহা ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গবেষকদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন, পঠন-পাঠনের পাশাপাশি মৌলিক গবেষণাকর্ম পরিচালনা করা বিশ্ববিদ্যালয়ের অন্যতম গুরুত্বপূর্ণ কাজ। বিভিন্ন সীমাবদ্ধতা ও সীমিত বাজেটের মধ্যে আমাদের শিক্ষকগণ অত্যন্ত আন্তরিকতার সঙ্গে এই কাজটি করে চলেছেন। যুগোপযোগী গবেষণাকর্মের মাধ্যমে বিশ্ববিদ্যালয়কে সমৃদ্ধ করার উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, এক্ষেত্রে গবেষণাকেন্দ্রগুলোকে আরও সক্রিয় ভূমিকা পালন করতে হবে। আন্তর্জাতিক র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থানকে সম্মানজনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে গবেষণাকর্মসমূহ বৈশ্বিক পরিমণ্ডলে যথাযথভাবে তুলে ধরার জন্য তিনি শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

অধ্যাপক ড. শাকিলা নার্গিস খান রাসায়নিক কীটনাশক ব্যবহারের পরিবর্তে পরিবেশবান্ধব উপায়ে জীবাণু থেকে উৎপন্ন টক্সিনের সাহায্যে এডিস মশা নিয়ন্ত্রণের বিষয়ে গবেষণা করেন। উৎপন্ন এই টক্সিন ৬-৮ ঘন্টার মধ্যে এডিস মশার লার্ভা নিধন করতে সক্ষম। এটি ডেঙ্গু নিয়ন্ত্রণে কার্যকর ভূমিকা রাখবে বলে গবেষক আশাপ্রকাশ করেন।

ড. কিশোয়ার জাহান সিঁথি জিঙ্ক-ফর্টিফাইড ধানের প্রজাতির উপর জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব নিয়ে গবেষণা করেন। ধানের উৎপাদন বৃদ্ধিতে এই গবেষণাকর্ম সহায়ক ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে।

আবিরা খান অটোইমিইন রোগসমূহের জিনগত কার্যকরণ অনুসন্ধানে গবেষণা করেন। হাশিমোটো থাইরয়েডাইটিস রোগ নিয়ন্ত্রণে এই গবেষণাকর্ম ভূমিকা রাখবে বলে গবেষক প্রত্যাশা করেন।

# পরিবেশ বিষয়ে গবেষণা কার্যক্রম জোরদার করতে হবে–উপাচার্য



উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান পরিবেশ সংরক্ষণ বিষয়ে জনসচেতনতা সৃষ্টি এবং এব্যাপারে গবেষণা কার্যক্রম আরও জোরদার করার উপর গুরুত্বারোপ করে বলেছেন এলক্ষ্যে গবেষণা তহবিল বৃদ্ধি করতে হবে। গবেষণা তহবিল গঠনে এগিয়ে আসার জন্য তিনি সমাজের ধনাঢ্য ব্যক্তি ও শিল্পমালিকদের প্রতি আহ্বান জানান। গত ২৬ অক্টোবর ২০২৪ বিজনেস স্টাডিজ অনুষদের অধ্যাপক ড. আব্দুল্লাহ ফারুক মাল্টিপারপাস হলে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধনকালে উপাচার্য এই আহ্বান জানান। ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগ এবং পূবালী ব্যাংক পিএলসি-এর যৌথ উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় এই বৃক্ষরোপণ কর্মসূচি পরিচালিত হচ্ছে।

ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. হাসিনা শেখ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, পূবালী ব্যাংক পিএলসি-এর ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী, আরবরিকালচার সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন এবং ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, পরিবেশের সঙ্গে মানবজীবন ওতপ্রোতভাবে জড়িত। পরিবেশ দূষণের ফলে প্রাণিজগৎ নানাভাবে বিপর্যস্ত হচ্ছে। সমাজের উন্নয়নের পাশাপাশি নিজেদের বাঁচাতে পরিবেশ সংরক্ষণে আমাদের আরও সচেতন হতে হবে। এক্ষেত্রে বৃক্ষরোপণ কর্মসূচি ও সেচ্ছাসেবী কার্যক্রম আরও জোরদার করতে হবে এবং বিনিয়োগ বাড়াতে হবে। শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের বিশেষায়িত জ্ঞান ব্যবহার করে ইন্ডাস্ট্রি-একাডেমিয়াকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

আলোচনা সভায় বক্তারা বিদেশি গাছ বর্জন এবং দেশীয় গাছ রোপণের উপর গুরুত্বারোপ করেন। এছাড়া, বৃক্ষরোপণের পাশাপাশি বৃক্ষের যথাযথ পরিচর্যা ও সংরক্ষণের উপর আলোকপাত করা হয়। অনুষ্ঠান শেষে বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ একটি করে গাছের চারা রোপণ করেন।

# ঢাবি ক্যাম্পাসে প্রথমবারের মতো

(১ম পৃষ্ঠার পর) উল্লেখ্য, ৩টি নন এসি মিনিবাস সকাল ৭ টা থেকে রাত ৯টা পর্যন্ত চক্রাকারে ক্যাম্পাসের ৩টি রুটে চলাচল করবে। রুটগুলো হলো:

১. কবি সুফিয়া কামাল হল-অমর একুশে হল-শহীদুল্লাহ হল-কার্জন হল-মোকাররম ভবন -সাইন্স এনেক্স ভবন-টিএসসি-কলাভবন-মলচত্বর-নীলক্ষেত মোড়।

২. নীলক্ষেত মোড়-মলচত্বর-বিজনেস ফ্যাকাল্টি-লেকচার থিয়েটার ভবন-মধুর ক্যান্টিন-কেন্দ্রীয় লাইব্রেরি-চারুকলা-টিএসসি-পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট-কার্জন হল-কবি সুফিয়া কামাল হল।

৩. কবি সুফিয়া কামাল হল-অমর একুশে হল-শহীদুল্লাহ হল-কার্জন হল-মোকাররম ভবন- সাইন্স এনেক্স ভবন-জগন্নাথ হল-এস.এম.হল- ফুলার রোড- মলচত্বর-নীলক্ষেত মোড়।

# উপাচার্যের সঙ্গে বিদেশি অতিথিদের সাক্ষাৎ

## জাতিসংঘের প্রতিনিধি দল



ঢাকাস্থ জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী কার্যালয়ের সিনিয়র হিউম্যান রাইটস এডভাইজার হুমা খান গত ২৪ অক্টোবর ২০২৪ উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী কার্যালয়ের হিউম্যান রাইটস অফিসার মো. জাহিদ হোসেন এসময় তার সঙ্গে ছিলেন।

বৈঠককালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী ও প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার মি. ফলকার টুর্ক-এর ঢাকা সফর, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিদর্শন এবং নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ২৪-এর গণঅভ্যুত্থান পূর্ববর্তী ছাত্র আন্দোলনের সমন্বয়কারী ও শিক্ষার্থীদের সঙ্গে তাঁর মতবিনিময় সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। কোটা সংস্কার আন্দোলন, ছাত্র-জনতার অভ্যুত্থান এবং অভ্যুত্থান পরবর্তী সময়ে মানবাধিকার লঙ্ঘনের বিষয়ে জাতিসংঘের তথ্যানুসন্ধান দলের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় তদন্ত দলের একযোগে কাজ করার ব্যাপারেও বৈঠকে আলোচনা করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত জুলাই-আগস্টের নৃশংস ঘটনার সঙ্গে জড়িতদের চিহ্নিত করতে বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যেই একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। অপরাধীদের বিচারের আওতায় আনতে এই তদন্ত কমিটি জাতিসংঘের তথ্যানুসন্ধান দলকে সম্ভাব্য সকল সহযোগিতা প্রদান করবে বলে তিনি জানান।

## কোইকা প্রতিনিধি দল



কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (কোইকা)-এর ডেপুটি কান্ট্রি ডিরেক্টর হিউম সাব কাং-এর নেতৃত্বে ১০-সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৩০ অক্টোবর ২০২৪ উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের সদস্যদের মধ্যে ছিলেন অধ্যাপক তাহওয়া লি, অধ্যাপক সের্গমি পার্ক, অধ্যাপক হাই রিয়ং কিম এবং ইউনহে গো।

এসময় অন্যান্যের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বাংলাদেশে নার্সিং শিক্ষা ও গবেষণার উন্নয়নে কোইকা'র সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে নার্সিং বিষয়ে পিএইচডি প্রোগ্রাম চালু করার সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

## কোইকা কান্ট্রি ডিরেক্টর



কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (কোইকা)-এর কান্ট্রি ডিরেক্টর তাইয়ং কিম গত ৭ নভেম্বর ২০২৪ উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় কোইকা'র ডেপুটি কান্ট্রি ডিরেক্টর মি. ইয়াং হিউনউসহ কয়েকজন কর্মকর্তা তার সঙ্গে ছিলেন।

বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী এবং ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এন্টারপ্রিনিউরশিপ সেন্টারের পরিচালক সহযোগী অধ্যাপক মো. রাশেদুর রহমান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলমান "Capacity Building of Universities in Bangladesh to Promote Youth Entrepreneurship" শীর্ষক পাইলট প্রকল্পের হালনাগাদ অগ্রগতি নিয়ে আলোচনা করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি'র মধ্যে যৌথ সহযোগিতামূলক আরও প্রকল্প গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়।

# উপাচার্যের যুক্তরাষ্ট্র ও চীন সফর

(১ম পৃষ্ঠার পর) আমন্ত্রণে 'ইউএস ইলেকশন প্রোগ্রাম'-এ উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানসহ বিশ্বের ৬০টি দেশের ৫শ' প্রতিনিধি অংশগ্রহণ করেন। প্রতিনিধিদের মধ্যে ছিলেন বিভিন্ন দেশের নির্বাচন কমিশনার, নির্বাচন পর্যবেক্ষক, রাজনৈতিক বিশ্লেষক, শিক্ষাবিদ ও বিশেষজ্ঞ।

**চীন সফর:** উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ৭-দিনের চীন সফর শেষে গত ২০ নভেম্বর ২০২৪ বুধবার দেশে ফিরেছেন। চীনের ইউনান বিশ্ববিদ্যালয়ের ভাইস-প্রেসিডেন্ট, সেন্টার ফর ল্যাঙ্গুয়েজ এডুকেশন এন্ড কো-অপারেশন এর মহাপরিচালক, চাইনিজ ইন্টারন্যাশনাল এডুকেশন ফাউন্ডেশনের মহাসচিব এবং ইন্টারন্যাশনাল সোসাইটি ফর চাইনিজ ল্যাঙ্গুয়েজ টিচিং এর প্রেসিডেন্ট-এর আমন্ত্রণে তিনি এই সফর করেন।

সফরকালে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান চীনের বেইজিং-এ অনুষ্ঠিত ওয়ার্ল্ড চাইনিজ ল্যাঙ্গুয়েজ কনফারেন্স এবং কুনমিং-এ অনুষ্ঠিত কনফুসিয়াস ইনস্টিটিউটের যৌথ বোর্ড সভায় যোগদান করেন। উল্লেখ্য, চীনের ভাইস-প্রেসিডেন্ট মি. হান ঝেং এবং শিক্ষামন্ত্রী ড. হুয়াই জিনপেং ওয়ার্ল্ড চাইনিজ ল্যাঙ্গুয়েজ কনফারেন্সে উপস্থিত ছিলেন। ১৬০টি দেশ ও বিভিন্ন অঞ্চলের উর্ধ্বতন সরকারি কর্মকর্তা, প্রতিষ্ঠানের অধ্যক্ষ, বিশেষজ্ঞ, কূটনীতিক, গবেষক, শিক্ষক, শিক্ষার্থীসহ প্রায় দু'হাজার প্রতিনিধি এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

উপাচার্য সফরকালে ইউনান বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে বিভিন্ন উচ্চ-পর্যায়ের বৈঠকে মিলিত হন এবং পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও জোরদার করার ব্যাপারে মতবিনিময় করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং ইউনান বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট ড. মা ওয়েনহুই নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের পক্ষে এসংক্রান্ত একটি সমঝোতা স্মারকেও স্বাক্ষর করেন।

এছাড়া, উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে ভাষা ও সংস্কৃতি বিষয়ে যৌথ সহযোগিতামূলক শিক্ষা এবং গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে ইনস্টিটিউট অফ ইন্টারন্যাশনাল অ্যান্ড রিজিওনাল স্টাডিজ এবং স্কুল অফ ইন্টারন্যাশনাল চাইনিজ ল্যাঙ্গুয়েজ এডুকেশন কর্তৃপক্ষের সঙ্গে মতবিনিময় করেন।

# ছাত্র-জনতার আন্দোলনে আহত শিক্ষার্থীদের

(১ম পৃষ্ঠার পর) মোর্তজা মেডিকেল সেন্টারের প্রধান মেডিকেল অফিসার, সহকারী প্রক্টর মিসেস শেহ্রীন আমিন ভূঁইয়া, দু'জন শিক্ষার্থী প্রতিনিধি- প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের ছাত্রী উমামা ফাতেমা এবং সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের ছাত্র আব্দুল কাদের।

ছাত্র-জনতার আন্দোলনে আহত শিক্ষার্থীদের সুচিকিৎসার বিষয়টি তত্ত্বাবধানের জন্য গঠিত কমিটির কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। এই কমিটির প্রথম সভা গত ৩১ অক্টোবর কোষাধ্যক্ষ কার্যালয়ে অনুষ্ঠিত হয়। কমিটির আহ্বায়ক কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরীর সভাপতিত্বে সভায় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের একজন আহত শিক্ষার্থীকে চিকিৎসা খরচ বাবদ ১৬ হাজার টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

# প্রো-উপাচার্য (প্রশাসন)-এর সঙ্গে জাপানের প্রতিনিধিদলের সাক্ষাৎ



জাপানের টোকিও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. তাকেশি ইমোতো-এর নেতৃত্বে ৪-সদস্যবিশিষ্ট একটি নিউক্লিয়ার ও রেডিয়েশন বিশেষজ্ঞদল গত ৬ নভেম্বর ২০২৪ প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশার সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা ছিলেন জাপান পরমাণু শক্তি সংস্থার প্রিন্সিপাল রিসার্চার ড. আকিহিরো সাকোদা, জেনারেল ইনকর্পোরেটেড এসোসিয়েশনের রিপ্রেজেন্টেটিভ ডিরেক্টর ড. মাসাশি কানামোরি এবং টোকিও বিশ্ববিদ্যালয়ের প্রজেক্ট রিসার্চার ড. মাহমুদুল হাসান।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. উপমা কবির এবং নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. আফরোজা শেলী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং টোকিও বিশ্ববিদ্যালয়সহ জাপানের বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের মধ্যে পারমাণবিক বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে যৌথ গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন।

# প্রো-উপাচার্য (শিক্ষা)-এর সঙ্গে চীনা প্রতিনিধি দল



চীনের দি চাইনিজ একাডেমি অব সায়েন্সেস-এর অধ্যাপক ড. গ্যান ঝাং-এর নেতৃত্বে ৩ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৬ নভেম্বর ২০২৪ ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ-এর সঙ্গে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা ছিলেন অধ্যাপক ড. জুন লি এবং ড. ঝাও শিজেন।

উপাচার্য কার্যালয় সংলগ্ন সভাকক্ষে আয়োজিত বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম ও রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. আহসান হাবীব উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চাইনিজ একাডেমি অব সায়েন্সেস-এর মধ্যে রসায়ন, পরিবেশ এবং বায়ু দূষণ বিষয়ক চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা এবং গবেষণা কার্যক্রম আরও জোরদার করার ব্যাপারে আলোচনা করেন। এসময় দুই প্রতিষ্ঠানের মধ্যে শিক্ষা ও গবেষণা সংক্রান্ত আরও যৌথ সহযোগিতামূলক কার্যক্রম গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়। তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চাইনিজ একাডেমি অব সায়েন্সেস-এর মধ্যে বিদ্যমান সমঝোতা স্মারক নবায়ন করার ব্যাপারে ঐকমত্য প্রকাশ করেন।

প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বাংলাদেশ এবং চীনের মধ্যে বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার এবং বৈজ্ঞানিক গবেষণার উন্নয়নে দু'প্রতিষ্ঠানের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

## চীনের ন্যাশনাল মেরিন এনভায়রনমেন্টাল ফোরকাস্টিং সেন্টারের প্রতিনিধিদল



চীনের ন্যাশনাল মেরিন এনভায়রনমেন্টাল ফোরকাস্টিং সেন্টারের মহাপরিচালক ড. ফুজিয়াং ইউ-এর নেতৃত্বে ৫ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৭ অক্টোবর ২০২৪ প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ-এর সঙ্গে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা ছিলেন ড. জিয়ানসি ডং, ড. ডাকুই ওয়াং, ড. ইউয়ানয়ং গাও এবং ড. জংচেন ওয়াং।

উপাচার্য কার্যালয় সংলগ্ন সভাকক্ষে আয়োজিত বৈঠকে আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী মতিন উদ্দিন আহমেদ, সমুদ্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. কে এম আজম চৌধুরী, অধ্যাপক ড. মো. জোবায়ের আলম, ভিজিটিং প্রফেসর ড. টোনিয়া অ্যাস্ট্রিড ক্যাপুয়ানো এবং বিভাগের কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের ন্যাশনাল মেরিন এনভায়রনমেন্টাল ফোরকাস্টিং সেন্টারের মধ্যে সমুদ্রবিজ্ঞান, সামুদ্রিক পূর্বাভাস এবং দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে চলমান যৌথ শিক্ষা এবং গবেষণা কার্যক্রম আরও জোরদার করার ব্যাপারে আলোচনা করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি যৌথ পূর্বাভাস কেন্দ্র প্রতিষ্ঠার বিষয়েও আলোচনা করা হয়। সমুদ্রবিদ্যা, জলবায়ু পরিবর্তন, আবহাওয়া, দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিষয়ক শিক্ষা ও গবেষণার উন্নয়নে উভয় প্রতিষ্ঠানের মধ্যে চলমান যৌথ মাস্টার্স এবং পিএইচডি প্রোগ্রাম আরও গতিশীল করার উপর তারা গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, বিজ্ঞান গবেষণায় আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে ২০২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের ন্যাশনাল মেরিন এনভায়রনমেন্টাল ফোরকাস্টিং সেন্টারের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

# ঢাবি এবং তুরস্কের সাকারিয়া বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত



উচ্চশিক্ষা ও গবেষণার ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং তুরস্কের সাকারিয়া বিশ্ববিদ্যালয়ের মধ্যে গত ৯ অক্টোবর ২০২৪ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী এবং সাকারিয়া বিশ্ববিদ্যালয়ের পক্ষে রেক্টর অধ্যাপক ড. হামজা আল এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

এসময় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শিক্ষক মুহাম্মদ ওমর ফারুক উপস্থিত ছিলেন। এতে সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী ও সাকারিয়া বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড. আব্দুল্লাহ আল মাহমুদ।

এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সাকারিয়া বিশ্ববিদ্যালয় যৌথভাবে শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনা করবে। এছাড়াও, দুটি বিশ্ববিদ্যালয় যৌথভাবে সেমিনার, সিম্পোজিয়াম, সম্মেলন, কর্মশালা ও প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করবে। উভয় বিশ্ববিদ্যালয় এই সমঝোতা স্মারকের অধীনে শিক্ষক, শিক্ষার্থী এবং গবেষক বিনিময় করবে।

## শতবর্ষ বৃত্তি পেলেন ঢাবি'র ৪১ শিক্ষার্থী



ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ৪১জন মেধাবী শিক্ষার্থীকে 'কলা অনুষদ শতবর্ষ ট্রাস্ট ফান্ড বৃত্তি' প্রদান করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত ১১ নভেম্বর ২০২৪ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন কনফারেন্স রুমে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী'র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ অনুষ্ঠান (২য় পৃষ্ঠায় দেখুন)

## 'স্বাধীনতা ২.০ আন্তঃহল ক্রিকেট টুর্নামেন্টে' মুহসীন হল চ্যাম্পিয়ন



ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'স্বাধীনতা ২.০ আন্তঃহল ক্রিকেট টুর্নামেন্ট'-এর ফাইনালে হাজী মুহম্মদ মুহসীন হল ১০০ রানের ব্যবধানে স্যার এ এফ রহমান হলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে। গত ১৬ নভেম্বর ২০২৪ কেন্দ্রীয় খেলার মাঠে এই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। ফাইনাল খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

হাজী মুহম্মদ মুহসীন হল টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ২০১ রান সংগ্রহ করে। দলের পক্ষে নীরব হোসেন ৫১ বলে ১০৯ রান করে অপরাজিত থাকেন। জবাবে ব্যাট করতে নেমে স্যার এ এফ রহমান হল ১৪.২ ওভারে সবগুলো উইকেট হারিয়ে ১০১ রান করতে সক্ষম হয়। হাজী মুহম্মদ মুহসীন হলের পক্ষে সাইমন ৪ টি এবং শোয়েব আখতার রনি ৩ টি উইকেট পান। ফাইনালে প্লেয়ার অব দ্যা ম্যাচ ও টুর্নামেন্টের সর্বোচ্চ রান সংগ্রাহক হয়েছেন হাজী মুহম্মদ মুহসীন হলের শিক্ষার্থী নীরব হোসেন। প্লেয়ার অব দ্যা সিরিজ হয়েছেন বিজয় একাত্তর হলের শিক্ষার্থী সিফাত সাদিক খান। টুর্নামেন্টে সর্বোচ্চ ১৪ টি উইকেট শিকার করেন শোয়েব আখতার রনি। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীদের উদ্যোগে এই টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়।

শারীরিক শিক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক এস এম জাকারিয়ার সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় ক্রিকেট কমিটির সভাপতি সহযোগী অধ্যাপক মুহাম্মদ মাহবুব কায়সারসহ আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এই টুর্নামেন্টে ১৩টি হল ও ২টি হোস্টেলের ছাত্ররা অংশগ্রহণ করেন।



ঢাকা বিশ্ববিদ্যালয়ে '৮ম শহীদ সার্জেন্ট জহুরুল হক স্মারক আন্তঃক্লাব বিতর্ক প্রতিযোগিতা' গত ১৬ নভেম্বর ২০২৪ হল মিলনায়তনে শেষ হয়েছে। প্রতিযোগিতা শেষে শহীদ সার্জেন্ট জহুরুল হক হল মিলনায়তনে এক অনুষ্ঠানে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা ও জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী উপস্থিত ছিলেন।

## যুক্তরাষ্ট্র ভিত্তিক ম্যাটেরিয়ালস রিসার্চ সোসাইটি'র ঢাবি স্টুডেন্ট চ্যাপ্টারের যাত্রা শুরু




যুক্তরাষ্ট্র ভিত্তিক গবেষণা সংস্থা ম্যাটেরিয়ালস রিসার্চ সোসাইটি (এমআরএস)-এর ঢাকা বিশ্ববিদ্যালয় স্টুডেন্ট চ্যাপ্টারের আনুষ্ঠানিক যাত্রা গত ১৬ নভেম্বর ২০২৪ শুরু হয়েছে। প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী লেকচার হলে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সংগঠনটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। বিভিন্ন ম্যাটেরিয়াল বিষয়ক গবেষণায় আগ্রহ সৃষ্টির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদ এবং ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের নিয়ে সংগঠনটি প্রতিষ্ঠা করা হয়।

সংগঠনের উপদেষ্টা ও ঢাকা বিশ্ববিদ্যালয় ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের অধ্যাপক ড. এ এফ এম মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সংগঠনের সভাপতি ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের শিক্ষার্থী মো. সামীউল আলীম সার্বিক কার্যক্রম উপস্থাপন করেন।

## জাপানিজ স্টাডিজ বিভাগকে মিতসুবিশি কর্পোরেশনের ৩৪ লাখ টাকার চেক প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগে ভার্চুয়াল ক্লাসরুম প্রতিষ্ঠা এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনার লক্ষ্যে মিতসুবিশি কর্পোরেশন বাংলাদেশের কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ মি. হিরোশি উয়েগাকি ৩৪ লাখ টাকার একটি চেক গত ২০ অক্টোবর ২০২৪ কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরীর কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে জাপানিজ স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. মো. জাহাঙ্গীর আলম ও সহযোগী অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল-মামুনসহ বিভাগীয় শিক্ষকবৃন্দ এবং মিতসুবিশি কর্পোরেশনের ব্যবস্থাপক সৈয়দা শাহতাজ সায়রা ও এডমিন ব্যবস্থাপক নুশরাত জাহান উপস্থিত ছিলেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী অনুদানের জন্য মিতসুবিশি কর্পোরেশন কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। গবেষণা কার্যক্রম পরিচালনা ও অসচ্ছল শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের জন্য প্রতিষ্ঠানটির কাছ থেকে তিনি আরও সহযোগিতা কামনা করেন। ইন্ডাস্ট্রি-একাডেমিয়া সম্পর্ক জোরদারের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের ইন্টার্নশিপের সুযোগ প্রদানের জন্য তিনি মিতসুবিশি কর্পোরেশন কর্তৃপক্ষকে অনুরোধ করেন।

উল্লেখ্য, মিতসুবিশি কর্পোরেশন ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগের শিক্ষার্থীদের গত তিন বছর যাবত বৃত্তি প্রদান করে আসছে।

## ঢাবি'র অফিসিয়াল ফেসবুক পেজ ফলো করার আহ্বান

'The University of Dhaka' নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি অফিসিয়াল ফেসবুক পেজ পরিচালিত হচ্ছে। পেজটির লিঙ্ক: https://www.facebook.com/duadministration. এটিই ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের একমাত্র অফিসিয়াল ফেসবুক পেজ। এই পেজে বিশ্ববিদ্যালয় প্রশাসনের সাপ্তাহিক কর্মকাণ্ডের হালনাগাদ তথ্য, প্রেস বিজ্ঞপ্তি, ছবিসহ অন্যান্য তথ্য পরিবেশন করা হচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই ফেসবুক পেজ ফলো করার জন্য শিক্ষক, শিক্ষার্থীসহ সকলকে অনুরোধ জানানো হচ্ছে।

## 'বাঁধন'-এর ২৭ বছর পূর্তি উদ্‌যাপন

স্বেচ্ছায় রক্তদাতাদের সংগঠন 'বাঁধন'-এর ২৭ বছর পূর্তি উদ্‌যাপন করা হয়েছে। এ উপলক্ষ্যে গত ২৪ অক্টোবর ২০২৪ ছাত্র-শিক্ষক কেন্দ্র থেকে ক্যাম্পাসে এক বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটেন এবং বেলুন উড়িয়ে র‍্যালির উদ্বোধন করেন।

বাঁধন ফাউন্ডেশনের সভাপতি রকীব আহমেদ, বাঁধন কেন্দ্রীয় পরিষদের সভাপতি শামীম গাজী ও সাধারণ সম্পাদক শাকিল আহমেদ, বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোনের সভাপতি শরিফ আহমেদ ও সাধারণ সম্পাদক মো. নূর উদ্দিনসহ বিভিন্ন জোনের নেতৃবৃন্দ র‍্যালিতে অংশ নেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, স্বেচ্ছায় রক্তদান কর্মসূচিসহ বিভিন্ন সেবামূলক কার্যক্রম পরিচালনার মাধ্যমে বাঁধনের সদস্যরা সমাজে একটি অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন। বাঁধনের এই দৃষ্টান্ত অনুসরণ করে মানবতার সেবায় এগিয়ে আসার জন্য উপাচার্য সকলের প্রতি আহ্বান জানান।

## 'মির্জা বানু এন্ড সিরাজুল ইসলাম এন্ডাউমেন্ট ফান্ড' বৃত্তি পেলেন ৭জন গবেষক



মৌলিক গবেষণায় অসাধারণ অবদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের ৭জন গবেষককে 'মির্জা বানু এন্ড সিরাজুল ইসলাম এন্ডাউমেন্ট ফান্ড' বৃত্তি প্রদান করা হয়েছে। প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা গত ২০ নভেম্বর ২০২৪ সিরাজুল ইসলাম লেকচার হলে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গবেষকদের হাতে এই বৃত্তির চেক তুলে দেন।

ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আশফাক হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। যুক্তরাষ্ট্রের ইলিয়ন স্টেট ইউনিভার্সিটির ডিসটিংগুইশড প্রফেসর ড. আলী রীয়াজ অনুষ্ঠানে 'স্বৈরশাসকদের উত্থানের পথরেখা' শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন। অধ্যাপক ড. এম সিরাজুল ইসলামসহ বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অধ্যাপক ড. সিরাজুল ইসলাম ও প্রয়াত মির্জা বানুর মেয়ে এবং ইতিহাস বিভাগের অধ্যাপক ড. আশা ইসলাম নাঈম অনুষ্ঠান সঞ্চালন করেন।

বৃত্তিপ্রাপ্ত ৪জন পিএইচ.ডি. গবেষক হলেন-তপন কুমার পালিত, এ. এস. এম. মোহসীন, খাদিজা খাতুন এবং শহিদুল হাসান। বৃত্তিপ্রাপ্ত ৩জন এম.ফিল. গবেষক হলেন-ইদ্রিস আলী, লাবনী ইসলাম চুমকী এবং সুরাইয়া আক্তার।



ঢাকা বিশ্ববিদ্যালয় সূর্যসেন হলের বিতর্ক ক্লাব 'সূর্য সেন বিতর্ক ধারা'-এর উদ্যোগে 'দ্রোহের তর্ক ১.০' শীর্ষক বিতর্ক উৎসবে আন্তঃক্লাব বিতর্ক প্রতিযোগিতায় শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের বিতর্ক ক্লাব 'হাউজ অব ডিবেটরস' চ্যাম্পিয়ন হয়েছে। এই প্রতিযোগিতায় জগন্নাথ ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি রানার আপ হয়। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা গত ২ নভেম্বর ২০২৪ হল মিলনায়তনে উৎসবের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। ছবিতে অতিথিবৃন্দের সঙ্গে বিজয়ীদের দেখা যাচ্ছে।

## আইএসআরটি সুবর্ণজয়ন্তী পদক পেলেন ফারিয়া রউফ রিয়া



স্নাতক (সম্মান) পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট (আইএসআরটি)-এর মাস্টার্সের শিক্ষার্থী ফারিয়া রউফ রিয়া 'আইএসআরটি সুবর্ণজয়ন্তী পদক-২০২৪' লাভ করেছেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত ১২ নভেম্বর ২০২৪ ইনস্টিটিউট মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীর হাতে পদক ও সনদ তুলে দেন।

ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. তামান্না হাওলাদারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ইনস্টিটিউটের অধ্যাপক ড. মো. ইশরাত রায়হান স্বাগত বক্তব্য দেন। এসময় ইনস্টিটিউটের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান পদকপ্রাপ্ত শিক্ষার্থীকে আন্তরিক অভিনন্দন জানিয়ে বলেন, তার এই অর্জন অন্য শিক্ষার্থীদের অনুপ্রাণিত করবে। অত্যাধুনিক গবেষণার মাধ্যমে আন্তর্জাতিক পরিমণ্ডলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুনাম ছড়িয়ে দেয়ার জন্য তিনি মেধাবী শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। ছাত্র, শিক্ষক ও অভিভাবকদের মধ্যে আন্তঃসম্পর্ক উন্নয়ন ও সম্প্রীতি বজায় রাখার উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

## এএইচএফবি-এর বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত




জার্মানির হামবোল্ট রিসার্চ ফেলোশিপপ্রাপ্ত বাংলাদেশের বিজ্ঞানীদের সংগঠন 'অ্যাসোসিয়েশন অব হামবোল্ট ফেলোজ বাংলাদেশ (এএইচএফবি)'-এর বার্ষিক সম্মেলন ও সাধারণ সভা গত ১৬ নভেম্বর ২০২৪ ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস্)-এর সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ সম্মেলনের উদ্বোধন ঘোষণা করেন। বাংলাদেশে নিযুক্ত জার্মানির রাষ্ট্রদূত মি. আকিম ট্রোস্টার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এএইচএফবি-এর ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক ড. মো. মোজাম্মেল হকের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ. এম. সরওয়ারউদ্দিন চৌধুরী এবং হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. এনামউল্যা বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

**সম্পাদক: মোহাম্মদ রফিকুল ইসলাম, ভারপ্রাপ্ত পরিচালক** (জনসংযোগ), প্রতিবেদক: তাওহিদা খানম তাসমিন, মো. আবু বকর সিদ্দিক, শুভাশীষ রঞ্জন সরকার ও মো. রায়হানুল ইসলাম (আবির), সম্পাদনা সহকারী: কমলেশ চন্দ্র মণ্ডল ও নুরুন্নাহার বেগম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শারমিন আক্তার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেস থেকে মুদ্রিত। ফোন: ৫৫১৬৭৭১৯, ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৫৫২৩২২১৩৮